# S@ifur's

# Elementary Spoken

## In 40 Days

## (With Question & Answer)

**Saifur Rahman Khan**
Managing Director, S@ifur's

B.Sc. Engg. (EEE, BUET) ;
MBA, IUJ (Japan);
GMAT-G record score প্রাপ্ত !

Ex-Lecturer
IBA, University of Dhaka

সহযোগিতায়:

**Md. Mujibur Rahman**
Head of R & D Section, Ph: 01613432126 (ব্যস্ততায় sms)
Email : saifurs.rnd@gmail.com

**Md. Rajjob Hossain**
(BA Hons. & MA, English, DU)
Senior Research Associate & Editor (R & D Section)
Ph: 01404432128

# DAY 1: INTRODUCTION (ভুমিকা)

## Speaking Warm-up
## স্পিকিং-এর প্রস্তুতিমূলক অনুশীলন

***Ameen and Hasan are speaking*** (Ameen এবং Hasan কথা বলছে):

Ameen: **What** are you doing?

আমিন: তুমি কি করছো?

Hasan: I am reading a book.

হাসান: আমি একটা বই পড়ছি।

Ameen: **Do** you know the name of the book?

আমিন: বইটার নাম কি তুমি জানো?

Hasan: Yes, I know the name of the book.

হাসান: হ্যাঁ, আমি বইটার নাম জানি।

Ameen: **What** is it?

আমিন: (তার নামটা) কি?

Hasan: S@ifur's Speaking with Question and Answer in forty days.

হাসান: সাইফুরস্ স্পিকিং উইদ্ কোয়েশ্চেন্ এ্যান্ড্ এ্যান্সার ইন্ ফরটি ডেইয্।

Ameen: **How** is it?

আমিন: কেমন এটা?

Hasan: I have just started reading it.

হাসান: আমি এই মাত্র পড়া শুরু করেছি।

Ameen: **From where** did you buy it?

আমিন: তুমি এটা কোথা থেকে কিনেছো?

Hasan: I bought it from the office of S@ifur's at Panthapath.

হাসান: আমি এটা সাইফুরস্-এর পান্থপথ অফিস থেকে কিনেছি।

Ameen: **Could** I see the book?

আমিন: আমি কি বইটা দেখতে পারি?

Hasan: Of course…..Why not! Do see it!

হাসান: অবশ্যই...কেন না! দেখ!

**শুরুতেই আমরা একটা short conversation পড়লাম। Ameen is asking questions to Hasan and Hasan is answering them. (আমীন হাসানকে প্রশ্ন করছে আর হাসান তার জবাব দিচ্ছে)**

## এই conversation (কথোপকথন) পড়ার পর আপনার অনুভূতিটা কেমন?

প্রথমে আসা যাক, বুঝতে পারেন কিনা?

অনেকেই এমন সহজ conversation বুঝতে পারেন, কিন্তু এমন, জ্বী - এই প্রাথমিক level-এর English বলতেই কিন্তু তাদের হিমসিম খেতে হয়! তারা এতুটুকু English পুরোপুরি বুঝে - হ্যাঁ একদম ১০০% বুঝে, কিন্তু সাবলীলভাবে (fluently) এই প্রাথমিক level-এর English-টাই বলতে পারেন না। সাবলীল ভাবে (fluently) বলতে পারাতো দূরের কথা - আম্‌তা আম্‌তা করে বহু কষ্টে যা কিছু একটু বলেনও, তাতে 'no confidence' (অনাস্থা) ভাবটাই থাকে বেশী।

আর যদি এমন হয়ে থাকে যে, এগুলো আপনার কাছে বুঝতে, পড়তে এবং বলতে পানির মতন easy, তাহলে আপনাকে শুধু একটা কথা বলবো - নিজের speaking-এর অবস্থা practical situation-এ পরীক্ষা করুন! Speak with a native or better speaker than yourself! (ইংরেজী ভাষী অথবা আপনার চেয়ে ভাল ইংরেজী জানেন এমন কারোর সাথে আপনি কথা বলে নিজেকে যাচাই করুন!) নিজে নিজেতো ভাল খেলাই যায়-ই, খেলার মাঠে নেমে বিচার করুন নিজেকে! IELTS speaking exam অথবা mock test দিয়েই হোক, যাচাই করে নিন আপনার speaking-এর skill level (যোগ্যতার ধাপ).

iSkysoft

# DAY 4: YES/NO QUESTIONS – BE: AM

আমরা প্রথমে Be-এর form (রূপ) গুলো দিয়ে Yes-No Question-answer শিখবো।
Be-এর form (রূপ) গুলো হলো: am, is, are, was, were.

‘Am I’ এর সাথে সাধারণত verb-এর present continuous tense দ্বারা Yes-No question গঠিত হয়। অর্থাৎ,

**Am I + Verb-*ing***

*Am I coming……*
*Am I going……*
*Am I eating…….*

**A:**
Am I looking tired?
আমাকে কি ক্লান্ত দেখাচ্ছে?

**B:**
Yes, you are looking tired.
হ্যাঁ, তোমাকে ক্লান্ত দেখাচ্ছে।

No, you aren't looking tired.
না, তোমাকে ক্লান্ত দেখাচ্ছে না।

**A:**
Am I going to the right direction?
আমি কি সঠিক দিকে যাচ্ছি?

**B:**
Yes, you are going to the right direction.
হ্যাঁ, তুমি সঠিক দিকে যাচ্ছ।

No, you aren't going to the right direction.
না, তুমি সঠিক দিকে যাচ্ছ না।

**A:**
Am I never going to find a job?
আমি কি কখনো কোন কাজ খুঁজে পাবো না?

**B:**

Yes, you will find a job.
হ্যাঁ, তুমি কাজ খুঁজে পাবে।

No, you won't find a job in this way. You must try harder.
না, তুমি এভাবে কোন কাজ খুঁজে পাবে না। তোমাকে আরো কষ্ট করতে হবে।

**A:**
Am I reading the right report?
আমি কি সঠিক প্রতিবেদনটি পড়ছি?

**B:**
Yes, you are reading the right report.
হ্যাঁ, তুমি সঠিক প্রতিবেদনটি পড়ছো।

No, you aren't reading the right report. That's the right one.
না, তুমি সঠিক প্রতিবেদনটি পড়ছো না। ঐ(প্রতিবেদন) টা সঠিক।

**A:**
Am I imagining the whole thing?
আমি কি পুরো ব্যাপারটা কল্পনা করছি?

**B:**
Yes, you are imagining the whole thing.
হ্যাঁ, তুমি পুরো ব্যাপারটা কল্পনা করছো।
No, you aren't imagining the whole thing.
না, তুমি পুরো ব্যাপারটা কল্পনা করছো না।

**A:**
Am I choosing the right one?
আমি কি সঠিকটা বেছে নিচ্ছি?

**B:**
Yes, you are choosing the right one.
হ্যাঁ, তুমি সঠিকটা বেছে নিচ্ছ।
No, you aren't choosing the right one.
না, তুমি সঠিকটা বেছে নিচ্ছনা।

ভবিষ্যৎ-এ কোন কাজ করা হবে কি-না, তা জিজ্ঞাসা করতেও পূর্বের structure (গঠন) অর্থাৎ, Am I + Verb-*ing* দ্বারা Question করা যায়:

**A:**

Am I cooking supper tomorrow?
আগামী কাল কি আমি রাতের খাবার তৈরী করছি?

**B:**

Yes, you are cooking supper tomorrow.
হ্যাঁ, তুমি আগামী কাল রাতের খাবার তৈরী করছো।

No, it's my turn tomorrow. I will cook supper tomorrow.
না, আগামী কাল আমার পালা। আমি আগামী কাল রাতের খাবার তৈরী করবো।

**A:**

Am I missing the program tonight?
আমি কি আজ রাতের অনুষ্ঠানটা মিস্ করছি?

**B:**

Yes, you are missing tonight's program, because you have an appointment with the doctor.
হ্যাঁ, তুমি আজ রাতের অনুষ্ঠানটা মিস্ করছো, কারণ তোমার ডাক্তার-এর সাথে এ্যাপয়েন্টমেন্ট আছে।

No, you aren't missing the program tonight. You can join at 10.
না, তুমি রাতের অনুষ্ঠানটা মিস্ করছো না। তুমি দশটার সময় আসতে পারো।

**A:**

Am I speaking to Mr. Ahmad? (Telephone conversation)
আমি কি মি: আহমাদ-এর সাথে কথা বলছি? (টেলিফোনে কথা)

**B:**

Yes, you are. Ahmad speaking/ Yes, I am Ahmad/Yes, Ahmad speaking.
জ্বী, বলছেন। আহ্মাদ বলছি/জ্বী, আমি আহমাদ/জ্বী, আহমাদ বলছি।

No, sorry. I am his colleague Rezwan.
না, দু:খিত। আমি তার সহকর্মী রিয্ওয়ান।

Am I + adjective দ্বারা question গঠন সম্ভব:
(এক্ষেত্রে বক্তা নিজের অবস্থা সম্পর্কে প্রশ্নে করে)

**A:**
Am I early?
আমি কি আগে (অর্থাৎ, সকাল সকাল/নির্দিষ্ট সময়ের আগে) চলে এসেছি?

**B:**
Yes, you are early.
হ্যাঁ, তুমি আগে চলে এসেছো।
No, you aren't early. You are in the right time.
না, তুমি আগে আসোনি। তুমি সঠিক সময়ে এসেছো।

**A:**
Am I late?
আমি কি দেরী করেছি?

**B:**
Yes, you are late.
হ্যাঁ, তুমি দেরী করেছো।
No, you are not late.
না, তোমার দেরী হয়নি।

**A:**
Am I right?
আমি কি ঠিক?

**B:**
Yes, you are right.
হ্যাঁ, তুমি ঠিক।

No, you are not right.
না, তুমি ঠিক নও।

**A:**
Am I wrong?
আমি কি ভুল করেছি/বলেছি?

**B:**
Yes, you are completely wrong.
হ্যাঁ, তুমি সম্পূর্ণ ভুল করেছো/বলেছো।
No, you aren't wrong.
না, তুমি ভুল করনি।

| Am I + prepositional phrase* দ্বারা question গঠন সম্ভব: |
|---|

**A:**
Am I in the right time?
আমি কি ঠিক সময়ে এসেছি?

**B:**
Yes, you are in the right time.
হ্যাঁ, তুমি ঠিক সময়ে এসেছো।
No, you aren't in the right time. You are late.
না, তুমি সঠিক সময়ে আসনি। তুমি দেরী করেছো।

**A:**
Am I at the right place?
আমি কি সঠিক জায়গায় এসেছি?

**B:**
Yes, you are at the right place.
হ্যাঁ, তুমি সঠিক জায়াগায় এসেছো।
No, you aren't at the right place. You must go a bit further.
না, তুমি সঠিক জায়গায় আসোনি। তুমি আরেকটু সামনে (দূরে) যাবে।

**A:**
Am I on the right bus?
আমি কি ঠিক বাসে উঠেছি?

**B:**
Yes, you are on the right bus.
হ্যাঁ, তুমি ঠিক বাসে উঠেছো।
No, you aren't on the right bus.
না, তুমি ঠিক বাসে উঠোনি।

*Prepositional phrase: আমারা সবাই জানি, in, on, at, under, below, around, about – এগুলো হলো Preposition. Sentence-এ preposition-এর একটা object থাকে, যাকে ভিত্তি করে তা (preposition-টা) কাজ করে। যেমন: The book is <u>on the table</u>, My pen is <u>in the pocket</u>, It is <u>under the bed</u> ইত্যাদি। প্রথম sentence-এ preposition 'on' -এর object হলো the table, দ্বিতীয় sentence-এ preposition 'in' -এর object হলো the pocket এবং তৃতীয় sentence-এ preposition 'under' -এর object হলো the bed. তিনটি sentence-এ preposition+object গুলো Prepositional phrase. অর্থাৎ, on the table, in the pocket, under the bed – এগুলো Prepositional phrase.

***Day 4 শেষ হলো! Day 5-এ আমরা শিখব Is দিয়ে Yes/No Questions!***

# DAY 5: YES/NO QUESTIONS – BE: IS

Is-এর সাথে He/she/it/noun যুক্ত হয়ে Yes-No questions গঠিত হয়। অর্থাৎ,

**Is he/she/it/noun**

*Is she……*

*Is he……..*

*Is it…….*

*Is Maria……….*

**A:**

Is she Amina?

সে কি আমিনা?

**B:**

Yes, she is Amina.

হ্যাঁ, সে আমিনা।

No, she is not Amina. She is Asma.

না, সে আমিনা নয়। সে আসমা।

**A:**

Isn't she Amina?

সে কি আমিনা নয়?

**B:**

Yes, she is Amina.

হ্যাঁ, সে আমিনা।

No, she is not Amina. She is Asma.

না, সে আমিনা না। সে আসমা।

**A:**

Isn't she your sister?

সে কি তোমার বোন না?

**B:**

Yes, she is my sister.

হ্যাঁ, সে আমার বোন।

No, she is not my sister. She is Junayd's sister.

না, সে আমার বোন না। সে জুনায়েদের বোন।

**A:**
Is he Jamal?
সে কি জামাল?

**B:**
Yes, he is Jamal.
হ্যাঁ, সে জামাল।

No, he is not Jamal. He is Akram.
না, সে জামাল নয়। সে আকরাম।

**A:**
Isn't he Jamal?
সে কি জামাল নয়?

**B:**
Yes, he is Jamal.
হ্যাঁ, সে জামাল।

No, he is not Jamal. He is Akram.
না, সে জামাল নয়। সে আকরাম।

**A:**
Is he your brother?
সে কি তোমার ভাই?

**B:**
Yes, he is my brother.
হ্যাঁ, সে আমার ভাই।

No, he is not my brother. He is Junayd's brother.
না, সে আমার ভাই না। সে জুনায়েদের ভাই।

**A:**
Isn't he your brother?
সে কি তোমার ভাই না?

**B:**
Yes, he is my brother.
হ্যাঁ, সে আমার ভাই।

No, he is not my brother. He is Junayd's brother.
না, সে আমার ভাই না। সে জুনায়েদের ভাই।

# TABLE OF CONTENTS

DAY 01: INTRODUCTION....01

DAY 02: HOW TO USE THIS BOOK.... 13

DAY 03: YES/NO QUESTIONS.... 20

DAY 04: YES/NO QUESTIONS – BE: AM.... 24

DAY 05: YES/NO QUESTIONS – BE: IS.... 29

DAY 06: Yes/No Questions – Be: ARE.... 35

DAY 07: Yes/No Questions – Be: WAS.... 38

DAY 08: Yes/No Questions – Be: WERE.... 43

DAY 09: Yes/No Questions – HAS.... 48

DAY 10: Yes/No Questions – HAVE.... 50

DAY 11: Yes/No Questions – HAD....53

DAY 12: Yes/No Questions – DO.... 56

DAY 13: Yes/No Questions – DOES....62

DAY 14: Yes/No Questions – DID.... 65

DAY 15: Using Modals to ask Yes/No Questions – INTRODUCTION.... 68

DAY 16: Using Modals to ask Yes/No Questions – CAN (Part:1) .... 72

DAY 17: Using Modals to ask Yes/No Questions – CAN (Part:2) .... 77

DAY 18: Using Modals to ask Yes/No Questions – COULD.... 83

DAY 19: Using Modals to ask Yes/No Questions – MAY.... 87

DAY 20: Using Modals to ask Yes/No Questions – WILL.... 91

DAY 21: Using Modals to ask Yes/No Questions – WOULD (Part:1) .... 98

DAY 22: Using Modals to ask Yes/No Questions – WOULD (Part:2) .... 103

DAY 23: Question Word Questions or Wh-Questions – Introduction.................... 107
DAY 24: Wh-Questions – WHO.........................................................................115
DAY 25: Wh-Questions – WHOM & WHOSE.................................................... 120
DAY 26: Wh-Questions – WHICH & WHEN....................................................... 123
DAY 27: Wh-Questions – WHERE...................................................................... 129
DAY 28: Wh-Questions – WHY.........................................................................134
DAY 29: Wh-Questions – WHAT(Part:1) ............................................................ 139
DAY 30: Wh-Questions – WHAT(Part:2) ............................................................ 142
DAY 31: Wh-Questions – HOW (Part:1) ............................................................. 146
DAY 32: Wh-Questions – HOW (Part:2) .............................................................. 150
DAY 33: Question Tags - INTRODUCTION........................................................153
DAY 34: Question Tags - AM, IS & ARE............................................................156
DAY 35: Question Tags - Was & Were................................................................ 161
DAY 36: Question Tags - Have, Has & Had.........................................................164
DAY 37: Question Tags - DO, DOES & DID.........................................................169
DAY 38: Question Tags - CAN & COULD...........................................................174
DAY 39: Question Tags - WILL & WOULD........................................................ 177
DAY 40: REVIEW............................................................................................... 180
Collection of verbs for practical use ..................................................................... 197
Collection of Words for Everyday Life ................................................................ 212
Collection of Similes .............................................................................................. 220